# কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্রের দলিল(জাতীয়)

## For Procurement of Digital Time Attendance System

(Request for Quotation Method)

ISO 9001:2015 Certified

## মৌলবীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি
## শ্রীমঙ্গল, মৌলবীবাজার।

"Digital Time Attendance System with Installation" ক্রয়ের জন্য কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন পত্র (RFQ)

---


**প্রশাসন বিভাগ**
**মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি**
**শ্রীমঙ্গল, মৌলবীবাজার।**
**ই-মেইলঃ- mbazar_pbs@yahoo.com ওয়েবসাইটঃ-pbs.moulvibazar.gov.bd**
ফোন নং- ০১৭৬৯-৪০০৫৮৭


(মোঃ জাবেদ হোসেন)
এজিএম (প্রশাসন)
মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি

ক্রয়কারী কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল

মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি
MOULVIBAZAR PALLI BIDYUT SAMITY
শ্রীমঙ্গল, মৌলভীবাজার
০৮৬২৬-৭১৪৫৩ @ mbazar_pbs@yahoo.com
pbs.moulvibazar.gov.bd

MOULVIBAZAR P.B.S.
ISO 9001:2015 Certified

স্মারক নং- ২৭.১২.৫৮৮৩.৫০৬.০১.০৩৮.২৫. ৬৭০৭

তারিখঃ ০২ আষাঢ়, ১৪৩২ বঙ্গাব্দ
১৬ জুন, ২০২৫ খ্রিস্টাব্দ

"Digital Time Attendance System with Installation" ক্রয়ের জন্য কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্র (RFQ) দরপত্র"

প্রতি,

-------------------------------------
-------------------------------------

১. জেনারেল ম্যানেজার, মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি এর জন্য "Digital Time Attendance System with Installation" সরবরাহের জন্য সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ বাংলাদেশের প্রকৃত সরবরাহকারী/প্রস্তুতকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে কোটেশন পদ্ধতিতে (RFQ) দরপত্র আহবানকরা যাচ্ছে।

২. এতদসঙ্গে সংযুক্ত "কোটেশন দলিল" ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে। কোটেশন দলিল সমিতির ওয়েব সাইট www.pbs.moulvibazar.gov.bd হতে ডাউনলোড করে কোটেশনের সকল শর্তাদি পূরণ সাপেক্ষ্যে দাখিল করতে হবে। নির্ধারিত কোটেশন ব্যতীত অন্য কোন কোটেশন বা ফরমে দরপত্র গ্রহণযোগ্য হবে না অথবা আবেদনের মাধ্যমে মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি হতে কোটেশন দলিল সংগ্রহ পূর্বক দর দাখিল করতে হবে।

৩. নির্ধারিত কোটেশন দলিল যথাযথভাবে পূরণ পূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৫ অনুচ্ছেদে উল্লেখিত তারিখ ও সময়ে কোটেশন আহবানকারী কর্তৃক নির্ধারিত স্থান জেনারেল ম্যানেজার, মৌলভীবাজার **পল্লী বিদ্যুৎ সমিতি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার এর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে।**

৪. কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোন জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না। দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিস এর ওয়েব সাইট www.pbs.moulvibazar.gov.bd এ দেখা যাবে।

৫. Licence for Digital Time Attendance Software: 10 Device

৬. Tenderer Must Submit Manufecturer Authorization Letter for Digital Time Attendance Device, Digital Time Attendance Software and UTP Cat 6 Cable.

৭. সিলমোহরকৃত খাম **আগামী ২৩-০৬-২০২৫ খ্রিঃ তারিখ এবং সময় বেলা ১২:০০** ঘটিকার মধ্যে বর্ণিত ঠিকানায় দাখিল করা যাবে। প্রাপ্ত কোটেশনসমূহ **২৩-০৬-২০২৫ খ্রিঃ তারিখ বেলা ১২:৩০ ঘটিকায় অথবা সুবিধাজনক সময় টিইসি কমিটির সদস্যগণ কর্তৃক উন্মুক্ত করা হবে।** উল্লেখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

৮. কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৬০দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকবে।

০৯. গুনগত মান সন্তোষজনক সাপেক্ষে মালামাল গ্রহন করা হবে। সন্তোষজনকভাবে "Digital Time Attendance System with Installation" সরবরাহের পর বিল দাখিল সাপেক্ষে একাউন্টপেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। পরিশোধযোগ্য বিল হতে সরকারী নিয়মানুযায়ী উৎসে কর, আয়কর ও অন্যান্য কর (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।

১০. কোটেশন দাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশন দাতার যোগ্যতার প্রমাণ স্বরুপ **হালনাগাদকৃত বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন এর সত্যায়িত অনুলিপি এবং কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ দাখিল করতে হবে।** এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হবে।

১১. মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ০৩(তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১২. উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশন দাতা বাধ্য থাকবে।

১৩. কার্যাদেশ জারীর তারিখ থেকে ০৭ (সাত) দিনের মধ্যে পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করতে হবে।

১৪. নির্ধারিত তারিখের মধ্যে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য সরবরাহকৃত মালামালেরচুক্তি মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। জরিমানা মোট চুক্তি মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।

১৫. মৌলভীবাজার পবিস কর্তৃপক্ষ সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

(এ.বি.এম মিজানুর রহমান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ-(সদয় অবগতি এবং নোটিশ বোর্ড ও ওয়েবসাইট -এ বহুল প্রচারের অনুরোধসহ) (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।

০১। পরিচালক,পবিস মনিটরিং ও ব্যঃ ও পঃ ( পূঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (সদয় অবগতির জন্য)।
০২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর,বাপবিবো,ঢাকা। (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদয় অনুরোধ করা হলো।)
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিলেট জোন, বাপবিবো, সিলেট।
০৪। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
০৫। পুলিশ সুপার, মৌলভীবাজার।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.................................... পবিস-১/২/৩/৪।
০৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, শ্রীমঙ্গল/ মৌলভীবাজার/বড়লেখা/কমলগঞ্জ/রাজনগর /কুলাউড়া/জুড়ি উপজেলা।
০৮। নির্বাহী প্রকৌশলী (এসওডি),বাপবিবো,বি-বাড়ীয়া।
০৯। ডিজিএম মৌলভীবাজার/বড়লেখা/কমলগঞ্জ/রাজনগর জোনাল অফিস/সদর দপ্তর-কারিগরি, মৌলভীবাজার পবিস।
১০। সহকারী প্রকৌশলী, বাপবিবো, মৌলভীবাজার।
১১। এজিএম (অর্থ-হিসাব/ওঅ্যান্ডএম/আইটি), মৌলভীবাজার পবিস (এজিএম আইটি-অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
১২। মেসার্স..........................................................................................................।
১৩। নোটিশ বোর্ড, মৌলভীবাজার পবিস।
১৪। অফিস ফাইল/মাস্টার ফাইল।

(এ.বি.এম মিজানুর রহমান)
জেনারেল ম্যানেজার

# কোটেশন দাখিল পত্র

[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]

কোটেশনের স্মারক নম্বর:-২৭.১২.৫৮৮৩.৫০৬.০১.০৩৮.২৫ | তারিখঃ ১৬/০৬/২০২৫ খ্রিঃ।

প্রতি,
জেনারেল ম্যানেজার
মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি,
শ্রীমঙ্গল , মৌলভীবাজার।

আমি/আমরা নিম্নস্বাক্ষরকারী,পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী অনুসারে"Digital Time Attendance System with Installation"প্রস্তাব করছি।

আমার /আমাদের কোটেশনের মোট মূল্য------------------------------ কথায়--------------------------------------------

আমার/আমাদের কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বর্ধিত থাকবে এবং আমি/আমরা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোন সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার /আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ এছাড়াও আমি/আমরা অনুচ্ছেদ-১৯ (বি)-তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছে এবং কোটেশনে অংশগ্রহনের প্রতিযোগিতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমার/আমরা কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের /নিজেদের নামে অথবা অন্য নামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি / আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা ১৭/০৬/২০২৫ খ্রিঃ আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) দলিল পত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর
তারিখ:

মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি
স্থাপিত: ১৯৭৯ইং
শ্রীমঙ্গল, মৌলভীবাজার

## পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফসিল

কোটেশনের স্মারক নম্বর: ২৭.১২.৫৮৮৩.৫০৬.০১.০৩৮.২৫; তারিখঃ ১৬/০৬/২০২৫ খ্রিঃ।

| ক্র. নম্বর | আইটেমেরবিবরণ | পরিমাপের একক | পরিমাণ | একককদর/মূল্য | | মোটমূল্য | পণ্যসরবরাহের গন্তব্যস্থান |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | অংকে | কথায় | অংকে/ কথায় | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| 1 | Digital Attendance Device | Nos | 3 | | | | মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি সদর দপ্তর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার। |
| 2 | Digital Attendance System Software | Nos | 1 | | | | |
| 3 | Power Adapter | Nos | 3 | | | | |
| 4 | UTP Cat6 Cable | Box | 1 | | | | |
| 5 | Accessories (Connector, PVC Pipe, Channel, Power Cable, Socket etc) | Lot | 1 | | | | |
| 6 | Installation and Configuration | Job | 1 | | | | |
| সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মোট মূল্য (ভ্যাট ও প্রযোজ্য সবখরনেরটাক্স সহ; নিম্নোক্ত ২নং নোট দেখুন) | | | | | অংকে | | |
| | | | | | কথায় | | |

| | | | |
|---|---|---|---|
| | | কথায় | |
| পণ্য প্রেরণের ঠিকানা : মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, শ্রীমঙ্গল , মৌলভীবাজার। | | | |
| মোট মূল্য:(টাকায়) | টাকায়: | | |
| (কথায়) | কথায়: | | |
| প্রস্তাবিত সরবরাহ : | ০৭ (সাত) দিন ক্রয় আদেশ জারির তারিখ হতে | | |
| প্রদত্ত ওয়ারেন্টি (warranty) : | ০১ বছর | | |

আমি/আমাদের দ্বারা এই মূল্য তফসিলের —— টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর করা হয়েছে।
আমার/আমাদের প্রস্তাব- ০২ মাস পর্যন্ত বৈধ থাকবে।

| | |
|---|---|
| **সিলসহ দরপত্র দাতার স্বাক্ষর** | তারিখ:------------------------- |
| দরপত্র দাতার নাম : | |

**টীকা :**

১। কলম ১, ২, ৩, ৪, ৫ ও ৯ ক্রয়কারী পূরণ করিবে এবং কলম ৬, ৭ও ৮ দরপত্রদাতা পূরণ করিবে।

২। যদি চুক্তি সম্পাদিত হয়, তা হলে পণ্যের দর বা মূল্যে ক্রয় কারীর গ্রহণযোগ্য পণ্য ওসংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বতোভাবে সরবরাহের পরিবহণ খরচ, বিমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সব ধরনের কর, শুল্ক, ফি, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধিত বা পরিশোধতব্য যাবতীয় ব্যয় অন্তর্ভুক্ত থাকিবে।

মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার

# আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ

**SL No:1**

**Item Description: Specification of Digital Attendance Device (More then 100 user's office)**

| SL No | Name of Item | Technical Specifications and Standards | Bidder's Response |
|---|---|---|---|
| 1 | Brand | To be mentioned by the bidder | |
| 2 | Model | To be mentioned by the bidder | |
| 3 | Country of Origin | To be mentioned by the bidder | |
| 4 | Country of Manufacturer | To be mentioned by the bidder | |
| 5 | Fingerprint Capacity | Minimum 3,000 templates | |
| 6 | Card Capacity | Minimum 5,000 ID/IC/HID Prox cards (optional) | |
| 7 | Transaction Log | Minimum 100,000 records | |
| 8 | Sensor Technology | Same Brand Optical Sensor with infrared detection | |
| 9 | Display | 2.4" TFT LCD color screen | |
| 10 | Keypad | 4×4 touch keypad | |
| 11 | Communication Protocols | TCP/IP, RS-232/485, USB-host Wiegand In/Out | |
| 12 | Wiegand Signal | Input, Output,SRB | |
| 13 | Access Hardware Interface | 3rd Party Electric Lock, Door Sensor, Exit Button, Alarm, Doorbell | |
| 14 | Functions | Anti-passback, DST, record query | |
| 15 | Optional Functions | ID/Mifare/HID Prox card reader, RS485 fingerprint reader, HTTPS support | |
| 16 | Power Requirements | 12 V DC, 3 A | |
| 17 | Operating Conditions | Temperature: 0–45°C; Humidity: 20–80% | |
| 18 | Dimensions | 80 × 183 × 42 mm | |
| 19 | CPU Platform | Board at 1.2 GHz (enhanced firmware platform) (Board to be mentioned by bidder) | |
| 20 | Compatibility | Standalone operation or integrated with same brand software | |
| 21 | Warranty | One Year Standard Warranty | |

**SL No:2**

## Item Description: Specification of Digital Attendance System Software.

| SL No | Name of Item | Technical Specifications and Standards | Bidder's Response |
|---|---|---|---|
| 1 | Brand | To be mentioned by the bidder | |
| 2 | Model | To be mentioned by the bidder | |
| 3 | Country Of Origin | To be mentioned by the bidder | |
| 4 | System Architecture | Web-based, designed for private cloud deployment | |
| 5 | Supported Devices | Standalone "Green Label" PUSH-protocol terminals via Ethernet/Wi-Fi/ GPRS/3G/4G | |
| 6 | Authentication Methods | Fingerprint, Face Recognition, Palm Recognition, RFID Card, PIN | |
| 7 | Database Compatibility | Default: PostgreSQL | |
| | | Supported: Microsoft SQL Server (2005–2022), MySQL 5.x/7+, Oracle 10g/11g/12c/19c | |
| | Platform & Server Requirements | | |
| 8 | OS | Windows Server (64-bit only): 2008/ 2012/ 2016/2019; Windows 8–11 | |
| 9 | CPU | Dual-core ≥ 2.4 GHz or Higher | |
| 10 | RAM | Minimum 4 GB (recommended 8 GB or higher) | |
| 11 | Storage | ≥ 100 GB free space, preferably on an NTFS partition | |
| 12 | Monitor Resolution | ≥ 1024×768 resolution | |
| 13 | Browser Compatibility | Chrome 33+, Internet Explorer 11+, Firefox 27+ | |

**SL No:3**

## Item Description: Specification of Power Adapter

| SL No | Name of Item | Technical Specifications and Standards | Bidder's Response |
|---|---|---|---|
| 1 | Input Voltage | 100V-240V AC | |
| 2 | Output Voltage | DC 12V | |
| 3 | Output Current | 3A | |
| 4 | Connector Type | 2-pin DC power connector (barrel type) | |
| 5 | Recommended Adapter | 12V DC, 3A regulated switching power supply | |

মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি শ্রীমঙ্গল, মৌলভীবাজার

SL No:4

## Item Description: Specification of UTP Cat6 Cable

| SL No | Name of Item | Technical Specifications and Standards | | Bidder's Response |
|---|---|---|---|---|
| 1 | Brand | To Be Mentioned By Tenderer | | |
| 2 | Model | To Be Mentioned By Tenderer | | |
| 3 | Country of Origin | USA/UK/EU or Equivalent | | |
| 4 | Category | Cat.6 | | |
| 5 | Reference standard | ISO/IEC11801, ANSI/TIA/EIA-568-C.2-D, IEC61156-5, EN50399, RoHS Compliant. | | |
| 6 | Conductor | Material | Solid-Bare Copper | |
| | | Structure AWG | 23 AWG | |
| 7 | Insulation | Material | HDPE | |
| | | Nominal OD | 1.0 ± 0.10 mm | |
| 8 | Twist | Direction | S | |
| 9 | Fillers | Material | PE | |
| 10 | Jacket | Thickness | 0.60 ± 0.10 mm | |
| | | Diameter | 6.30 ± 0.30 mm | |
| | | Material | PVC | |
| | | Color | Orange/Blue/Gray | |
| 11 | Jacket physical properties | Before aging | Tensile strength ≥ 13.5 Mpa<br>Elongation ≥ 150% | |
| | | After aging | Tensile strength ≥ 12.5 Mpa<br>Elongation ≥ 125% | |
| 12 | Cable length | 305m/Box | | |

মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি
শ্রীমঙ্গল, মৌলভীবাজার

আমি /আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উপরোল্লেখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

| | |
|---|---|
| সিলসহ কোটেশন দাতার স্বাক্ষর | |
| কোটেশন দাতার নাম | তারিখ: |

টীকা:

১। কলম ১ , ২, ৩ ও ৪ ক্রয়কারী এবং কলম ৫ ও ৬ দরপত্রদাতা পূরণ করিবে।

২। বিনির্দেশ (পূর্ণাঙ্গবিবরণী) ক্রয়কারী পূরণ করিবে। ক্রয়কারীর প্রয়োজনের বস্তুনিষ্ঠ ও প্রতিযোগিতামূলক দর প্রদানের জন্য একসেট সঠিক ও স্পষ্ট বিনির্দেশ হইল কোটেশনের পূর্বশর্ত। প্রতিযোগিতা মূলক কোটেশনের জন্য পণ্যের কারিগরি বিনির্দেশ (পূর্ণাঙ্গবিবরণী) সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার লক্ষ্যে প্রস্তুত করিতে হইবে এবং একই সঙ্গে ক্রয়তব্য পণ্য ও সংশ্লিষ্ট সেবার কারিগরি দক্ষতা, দ্রব্যাদি এবং কার্য-সম্পাদনের মান সুস্পষ্টভাবে বর্ণনা করিতে হইবে। বিনির্দেশে উল্লিখিত পণ্যে অন্তর্ভুক্ত সকল আইটেম, দ্রব্যাদি ও আনুষঙ্গিক উপকরণ অবশ্যই নতুন, অব্যবহৃত ও সাম্প্রতিক তম বা চলতি মডেলের হইতে হইবে এবং নকশা ও পণ্যে সকল সাম্প্রতিক উৎকর্ষ সন্নিবেশিত হইবে।

৩। পণ্য ও সংশ্লিষ্ট সেবা সমূহের কারিগরি বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) ক্রয়কারী রপ্রয়োজনীয়তার সহিত সামঞ্জস্য পূর্ণ হইবে, যাহা এই দলিলে সুনির্দিষ্টভাবে উল্লেখ করিতে হইবে। দরপত্রদাতা প্রস্তাবিত পণ্যের প্রস্তুতকারক ও মডেল (যাহা প্রযোজ্য) উল্লেখ করিবে এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথ মূল মুদ্রিত বিবরণ (brochure) (সহজে পাওয়া না গেলে অনুলিপি) সংযুক্ত করিবে।

[ক্রেতার নাম ও ঠিকানা এই খানে যুক্ত করুন]

**পণ্য সরবরাহের জন্য ক্রয় আদেশ**

[সরবরাহের সংক্ষিপ্ত নাম লিখুন]

তারিখঃ ১৬/০৬/২০২৫ খ্রিঃ।

কোটেশনের স্মারক নম্বর:-২৭.১২.৫৮৮৩.৫০৬.০১.০৩৮.২৫.

| | |
|---|---|
| **কোটেশন নম্বর:** ____________ | **তারিখ :**-------------- |
| **প্রতি:**<br>[সরবরাহকারীর নাম ও ঠিকানা] | |
| সরবরাহের তারিখ: [**সম্পাদনের তারিখ উল্লেখ করুন**] | ক্রয়াদেশকৃত পণ্যের মূল্য: **টাকা** [**চুক্তিমূল্য উল্লেখ করুন**] |
| **সরবরাহ : শর্তানুযায়ী** | |

নিম্নে তালিকাবদ্ধ পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের জন্য ক্রয়কারী আপনার---------------তারিখের কোটেশন গ্রহণ করিয়াছেন। পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহ কারিগরি বিনির্দেশ মোতাবেক পরিমাণ ও ইউনিটে সংযুক্ত শর্তাবলি অনুযায়ী উপরিউক্ত তারিখের মধ্যে সরবরাহের জন্য আপনাকে অনুরোধ করা হইল।

| ক্রয়াদেশকৃত পণ্যসমূহ |
|---|
| সংশ্লিষ্ট পণ্য ও সেবার অনুমোদিত মূল্য সংবলিত বিবরণের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>আবশ্যিক পণ্যের অনুমোদিত কারিগরি বিনির্দেশের (পূর্ণাঙ্গবিবরণী) সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>শর্তাবলির সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন। |
| ক্রেতার জন্য:<br><br>নাম ও পদবিসহ ক্রয়কারীর স্বাক্ষর |
| তারিখ : |

সংযুক্তিসমূহ: উপরিউক্ত বর্ণনা মোতাবেক

মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, স্থাপিত: ১৯৭৯, শ্রীমঙ্গল, মৌলভীবাজার

## পণ্যের সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলি

১। চুক্তির পরিচালনা ও ব্যবস্থাপনার জন্য এই খানে বর্ণিত শর্তাবলি ক্রয়কারী ও সরবরাহকারী মানিয়া চলিতে বাধ্য থাকিবে।

২। এই শর্তাবলির প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধানাবলি প্রযোজ্য হইবে।

৩। ক্রয় আদেশ জারি হইবার ০৭ (সাত) দিনের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলি অনুযায়ী সার্বিকভাবে সরবরাহ সমাপ্ত করিতে হইবে।

৪। ক্রয়কারী পণ্য ও সংশ্লিষ্ট সেবা গ্রহণ করিতে বিলম্ব করিলে অথবা কোনো দৈব দুর্ঘটনা সংঘটিত হইলে অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য, যুক্তিসংগত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের জন্য বর্ধিত সময় প্রাপ্তির অধিকার থাকিবে।

৫। চুক্তির অধীন সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে যেকোনো সময় ক্রয়কারী বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখিতে হইবে।

৬। ক্রয়কারী কারিগরি বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করিবে এবং কোনো ক্রটি পাওয়া গেলে সরবরাহকারীকে অবহিত করিবে।

৭। যদি পণ্যে কোনো ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, তাহা হইলে ক্রয়কারী সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করিয়া সরবরাহ বাতিল করিতে পারিবে।

৮। সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরূপ অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকিবে।

৯। অন্য কোথাও যাহা কিছুই থাকুক না কেন, মূল্য তফসিল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটি পণ্যের প্রকৃত সরবরাহের পরিমাণের ভিত্তিতে মূল্য পরিশোধ করা হইবে। সরবরাহের চালান জমা ও গ্রহণের পর পণ্য ও সংশ্লিষ্ট সেবার চুক্তিমূল্যের শতভাগ পরিশোধ করা হইবে।

১০। সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক, লেভি ও প্রযোজ্য আইনের অধীন অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকিবে।

১১। মোট চুক্তি মূল্য **অংকে**------------------------**কথায়**------------------------------------টাকা।

১২। সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধ্যমে সরবরাহ সমাপ্তির তারিখ হইতে সরবরাহকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ ০৬ (ছয়) মাস।

১৩। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৪০(৫) এর বাধ্যবাধকতা পূরণে সরবরাহকারী দায় বদ্ধ থাকিবে।

১৪। সরবরাহকারী পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় ক্রেতাকে কোনো দাবি, তাহার নিজের, তাহার শ্রমিক বা কর্মচারী বা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোনো কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষের জীবন বা সম্পত্তির ক্ষতিপূরণ হইতে ক্রয়কারীকে ক্ষতি বহন প্রতিশ্রুতি হইতে দায় মুক্ত রাখিবে।

১৫। পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহর কারণে উত্থাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিস্পত্তি করিবে।

১৬। ওয়ারেন্টি (Warranty) সময় সীমার মধ্যে সরবরাহ ও সংস্থাপনের কারণে পণ্যের ক্ষতি হইলে, সরবরাহকারী নিজ খরচে উহা সংশোধন করিবে।

১৭। কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি ও সরবরাহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নহে।

১৮। ক্রয়কারী প্রয়োজন হইলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তন গুলি সংযোজন করিয়া পরবর্তীকালে চুক্তির শর্তাবলির সংশোধন করিতে পারিবে।

১৯। ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করিয়া যে কোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করিতে পারিবে, যদি সরবরাহকারী—

(ক) সরবরাহের তফসিলের সময় ও বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) অনুযায়ী পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহ করিতে ব্যর্থ হয়;

(খ) পণ্য ও সংশ্লিষ্ট সেবার প্রতিযোগিতায় বা সরবরাহে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোনো কর্মকাণ্ডে জড়িত থাকে; এবং

(গ) চুক্তির অধীন অন্য কোনো বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হয়।

২০। এই চুক্তিবা উহার ব্যাখ্যা হইতে উদ্ভূত, বা তৎসম্পর্কে সম্ভাব্য সকল বিরোধ সমঝোতার মাধ্যমে আপস-মীমাংসার জন্য ক্রয়কারী ও সরবরাহকারী সর্বোচ্চ প্রচেষ্টা করিবে।

২১। পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর ধারা ৬৪ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ১২৭ অনুসারে দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তি মূলক কর্মকাণ্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকিবে।

| ক্রেতার জন্য:<br><br>নাম এবং পদবি সহ ক্রয়কারীর স্বাক্ষর | সরবরাহকারীর জন্য:<br><br>নাম এবং পদবি সহ সরবরাহকারীর স্বাক্ষর |
|---|---|
| তারিখ : | তারিখ: |

মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি
স্থাপিত:
শ্রীমঙ্গল, মৌলভীবাজার